বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন ঃ পিএবিএক্স ঃ ৮৮-০২-৯২০৫৩১০-১৪, ফ্যাক্স ঃ ৮৮-০২-৯২০৫৩৩৩

BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY

GAZIPUR-1706, BANGLADESH, TELEPHONE : PABX : 88-02-9205310-14, FAX : 88-02-9205333, Web : www.bsmrau.edu.bd

স্মারক নং বশেমুরকৃবি/ডিন (এগ্রি-২৪.২)/২০১৭/৪২০৯ তারিখ:১৪/১১/২০১৭

সামার ২০১৮ টার্মে বিএস (কৃষি), বিএস (ফিশারিজ), বিএস (কৃষি অর্থনীতি) এবং ডিভিএম প্রোগ্রামে ভর্তির সময়সূচি ও অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যাদি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সামার ২০১৮ টার্মে বিএস (কৃষি), বিএস (ফিশারিজ), বিএস (কৃষি অর্থনীতি) এবং ডিভিএম প্রোগ্রামের ০৮ নভেম্বর ২০১৭ তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় মেধা তালিকায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের ভর্তি কার্যক্রম শুধুমাত্র **৩০ নভেম্বর ২০১৭** রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকা থেকে বিকাল ৪.৩০ ঘটিকা পর্যন্ত বেগম সুফিয়া কামাল অডিটরিয়ামে সম্পাদিত হবে। মেধাতালিকা হতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের এক অনুষদ হতে অন্য অনুষদে Migration এর আবেদনপত্র ঐদিনই (৩০ নভেম্বর ২০১৭ তারিখ) সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৪:৩০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে। প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে ০৭ ডিসেম্বর ২০১৭ তারিখ মেধার ভিত্তিতে অনুষদ Migration এর ফলাফল প্রকাশ করা হবে, যা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://bsmrau.edu.bd হতে জানা যাবে। অপেক্ষমান তালিকা হতে মেধাক্রম ও পছন্দক্রম অনুসারে অনুষদওয়ারী প্রার্থী নির্বাচনের কার্যক্রম (আসন সংখ্যা শূন্য থাকা সাপেক্ষে) ১৩ ডিসেম্বর ২০১৭ তারিখ রোজ বুধবার বেলা ৯:৩০ ঘটিকায় হতে বেলা ২:০০ ঘটিকা পর্যন্ত বেগম সুফিয়া কামাল অডিটরিয়ামে সম্পাদিত হবে। নির্বাচিত প্রার্থীদের তালিকা ঐদিনই বেলা ৪:৩০ ঘটিকায় প্রকাশ করা হবে তবে ঐদিন অর্থাৎ ১৩/১২/২০১৭ তারিখ বেলা ২:০০ ঘটিকার মধ্যে বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হয়ে রিপোট করতে ব্যর্থ হলে ধরে নেয়া হবে যে প্রার্থী ভর্তি হতে ইচ্ছুক নয়। অপেক্ষমান তালিকা হতে অনুষদওয়ারী নির্বাচিত প্রার্থীদের ভর্তি কার্যক্রম শুধুমাত্র ২১/১২/২০১৭ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.৩০ ঘটিকা পর্যন্ত বেগম সুফিয়া কামাল অডিটরিয়ামে সম্পাদিত হবে। অপেক্ষমান তালিকা হতে Migration এর আবেদনপত্র ঐদিনই সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.৩০ ঘটিকা পর্যন্ত গ্রহণ করা হবে। অপেক্ষমান তালিকা হতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মেধার ভিত্তিতে অনুষদ Migration এর ফলাফল ২৮/১২/২০১৭ তারিখে প্রকাশ করা হবে (অনুষদসমূহের আসন শূন্য থাকা সাপেক্ষে) যা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://bsmrau.edu.bd হতে জানা যাবে। আসন শূন্য থাকা সাপেক্ষে ১৩/১২/২০১৭ তারিখে রিপোর্টকৃত ছাত্র-ছাত্রীদের মধ্য হতে মেধাক্রম অনুসারে ০৪ জানুয়ারি ২০১৮ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৪.৩০ ঘটিকা পর্যন্ত ভর্তি কার্যক্রম সম্পাদিত হবে। উল্লেখ্য যে, আসন শূণ্য থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা হতে রিপোর্টকৃত ছাত্র-ছাত্রীদের মেধাক্রম অনুসারে পর্যায়ক্রমে ভর্তি করা হবে। এতদ্‌সংক্রান্ত তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://bsmrau.edu.bd হতে সময়ে সময়ে জানা যাবে। ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো।

ভর্তি ফি ও অন্যান্য আনুষঙ্গিক ফি'র পরিমান-

i).সাধারণ কোটায় ও আদিবাসী কোটায় নির্বাচিত ছাত্র-ছাত্রীদের জন্য:

১। **কৃষি অনুষদ: ১৮,২৪০/-** (আঠারো হাজার দুইশত চল্লিশ) টাকা মাত্র।

২। **ফিশারিজ অনুষদ : ১৮,২৪০/-** (আঠারো হাজার দুইশত চল্লিশ) টাকা মাত্র।

৩। **ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স অনুষদ: ১৮,৫৬০/-**(আঠারো হাজার পাঁচশত ষাট) টাকা মাত্র।

৪। **কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ: ১৮,৪৬০/-** (আঠারো হাজার চারশত ষাট) টাকা মাত্র।

ii).মুক্তিযোদ্ধার সন্তান/নাতী/নাতনী কোটায় নির্বাচিত ছাত্র-ছাত্রীদের জন্য:

১। **কৃষি অনুষদ: ১৬,৮০০/-** (ষোল হাজার আটশত) টাকা মাত্র।
২। **ফিশারিজ অনুষদ : ১৬,৮০০/-** (ষোল হাজার আটশত) টাকা মাত্র।
৩। **ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স অনুষদ: ১৭,০০০/-** (সতের হাজার) টাকা মাত্র।
৪। **কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ: ১৬,৯০০/-** (ষোল হাজার নয়শত) টাকা মাত্র।

iii).ভর্তির সময় নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে :

১। শিক্ষাবোর্ড হইতে প্রাপ্ত SSC ও HSC বা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট ও উহার সত্যায়িত অনুলিপি।
২। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের সত্যায়িত অনুলিপি।
৩। জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
৪। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত স্থায়ী ঠিকানা সম্পর্কিত নাগরিক সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
৫। সদ্যতোলা পাসপোর্ট সাইজের তিন কপি সত্যায়িত রঙিন ছবি।
৬। মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র এবং আদিবাসী কোটার ক্ষেত্রে স্ব-স্ব আদিবাসী প্রধান/জেলা প্রশাসক এর সনদপত্রের মূল কপি ও সত্যায়িত অনুলিপি।
৭। মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান কোটায় ভর্তির ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের প্রমানপত্র ।

১৪।১১।১৭

(প্রফেসর ড. মোঃ ময়নুল হক)
ডিন, কৃষি অনুষদ
ও
সদস্য-সচিব, বিএস এবং ডিভিএম প্রোগ্রামে ছাত্র ভর্তি কমিটি।

অনুলিপি:

১। সকল ডিন, বশেমুরকৃবি।
২। পরিচালক (ছাত্র কল্যাণ), বশেমুরকৃবি।
৩। প্রক্টর,বশেমুরকৃবি।
৪। সকল প্রভোস্ট, বশেমুরকৃবি।
৫। প্রধান,প্রকৌশলী, বশেমুরকৃবি।
৬। ডেপুটি চীফ মেডিক্যাল অফিসার, বশেমুরকৃবি।
৭। উপ-রেজিস্ট্রার,ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, বশেমুরকৃবি।
৮। সিনিয়র খামার ব্যবস্থাপক, বশেমুরকৃবি।
৯। ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, বশেমুরকৃবি শাখা, বশেমুরকৃবি।
১০। সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার দপ্তর, বশেমুরকৃবি।
১১। নোটিশ বোর্ড, বশেমুরকৃবি।
১২। অফিস কপি ।